গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০২১.২০.৫০৮.১৬(অংশ-২).৩১১ তারিখ: ০৪/০১/২০১৭

বিষয়: বাজেট ম্যানেজমেন্ট কমিটি সভার কার্যবিবরণী।

২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেট প্রণয়নের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বাজেট ম্যানেজমেন্ট কমিটি'র (BMC) সভা ০১/০১/২০১৭ তারিখ অনুষ্ঠিত হয়।

০২। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এতদসংগে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ১। BMC সভার কার্যবিবরণী।

৪/১/১৭

মো. মনিরুজ্জামান খাঁন
সিনিয়র সহকারী সচিব
ফোন নং-৮১৮১৩১৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
০২। সচিব, আই.এম.ই.ডি, শেরে বাংলা নগর, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৬। যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৭। প্রধান, জিইডি, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা ।
০৮। উপসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৯। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-২, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি:
০১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। সহকারী প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৩। অফিস/গার্ড নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা শাখা।
www.sid.gov.bd

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বাজেট ম্যানেজমেন্ট কমিটি (BMC) সভার কার্যবিবরণী

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বাজেট ম্যানেজমেন্ট কমিটির (BMC) সভা নিম্নেবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হয়:

১.০ সভার তারিখ ও সময় : ০১.০১.২০১৭ খ্রি. রোজ-রবিবার, দুপুর ১.০০ ঘটিকা।
১.১ সভার স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভাকক্ষ (কক্ষ নং-১১০৪)।
১.২ সভাপতি : জনাব কে এম মোজাম্মেল হক
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১.৩ আলোচ্য সূচি : (ক) ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেট (রাজস্ব প্রাপ্তি, অনুন্নয়ন ও উন্নয়ন) অনুমোদন।
(খ) বিবিধ।

২.০ সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক" এ দ্রষ্টব্য।

৩.০ সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে জানান যে, অর্থ বিভাগের বাজেট পরিপত্র নং- নং- ০৭.১০১.০২০.০০.০০.০১১.২০১৬-৭৫৯, তারিখ: ১৮ ডিসেম্বর, ২০১৬ অনুসারে ০১/০১/২০১৭ তারিখের মধ্যে ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত রাজস্ব প্রাপ্তি এবং সংশোধিত ব্যয় প্রাক্কলন (অনুন্নয়ন এবং উন্নয়ন) অর্থ বিভাগে প্রেরণের লক্ষ্যে এ সভা আহবান করা হয়েছে। অত:পর সিনিয়র সহকারী সচিব (বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা শাখা) আলোচ্যসূচি অনুসারে বিষয়সমূহ উপস্থাপন করেন। ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও বরাদ্দ প্রস্তাব নিম্নরূপ:

(ক) সংশোধিত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা:

| ক্র. নং | বিভাগ/সংস্থা | ২০১৫-১৬ অর্থবছরে লক্ষ্যমাত্রা | ২০১৬-১৭ অর্থবছরে লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা ২০১৬-১৭ |
|---|---|---|---|---|
| ০১ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | ৬৬,০০ | ৬০,৫০ | ৬০,৫০ |
| ০২ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | ২,১০,৫৯ | ২,২৪,৩৫ | ৩,১৪,৬০ |
| | সর্বমোট | ২,৭৬,৫৯ | ২,৮৪,৮৫ | ৩,৭৫,১০ |

চলমান পাতা-২

(খ) ২০১৬-১৭ এর সংশোধিত বরাদ্দ প্রস্তাব:

(অংকসমূহ হাজার টাকায়)

| ক্র. নং | বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/কর্মসূচি/ প্রকল্প | ২০১৫-১৬ অর্থবছরে বরাদ্দ- | ২০১৬-১৭ অর্থবছরে বরাদ্দ | সংশোধিত প্রাক্কলন ২০১৬-১৭ | পার্থক্য |
|---|---|---|---|---|---|
| ০১ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | ৫১,৯৪,৩৩ | ৫৪,৯৫,১২ | ৫৫,৮১,৫১ | (+) ৮৬,৩৯ |
| ০২ | আন্তর্জাতিক প্রতিষ্ঠানের চাঁদা | ৩৩,০০ | ৩৬,০০ | ৩৬,০০ | |
| ০২ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (সদর দপ্তর) থোক বরাদ্দ ১০ কোটিসহ | ৬০,৩৫,৩৫ | ৫৮,০৩,৮৮ | ৬৫,৫০,০০ | (+) ৭৪৬,১২ |
| ০৩ | বিভাগীয় কার্যালয়সমূহ | ১,৯৯,৭২ | ২,৫৭,০০ | ২,৬২,৬৩ | (+) ৫,৬৩ |
| ০৪ | জেলা কার্যালয়সমূহ | ১৬,৩৯,৭৫ | ১৬,২০,০০ | ১৭,৯৩,৪০ | (+) ১,৭৩,৪০ |
| ০৫ | উপজেলা কার্যালয়সমূহ | ৫৯,৬৭,৫০ | ৬৬,১৪,০০ | ৭৫,৪১,৫০ | (+) ৯,২৭,৫০ |
| ০৬ | কর্মসূচি | ৬,২৪৭৪ | - | ১,৫২,৭৭ | (+) ১,৫২,৭৭ |
| ০৭ | উন্নয়ন প্রকল্পসমূহ (১৪,৮৫.০০ লক্ষ টাকা থোক বরাদ্দসহ) | ১০৫,৫০,০০ | ৩০২,১২,০০ | ৩০৮,২৬,৯৩ | (+) ৬,১৪,৯৩ |
| | সর্বমোট | ৩০২,৪৪,৩৯ | ৫০০,৩৮,০০ | ৫২৭,৪৪,৭৪ | (+) ২৭,০৬,৭৪ |

**৪.০ আলোচনা:**

৪.১ উপস্থাপিত সংশোধিত বরাদ্দের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। রাজস্ব প্রাপ্তির বিষয়ে সভাকে জানানো হয় যে, অতিরিক্ত গ্রহণকৃত অর্থ ফেরৎ প্রদান করায় ২৬৭১-অতিরিক্ত প্রদত্ত অর্থ আদায় খাতে প্রাপ্তি বেশী হয়েছে। তাছাড়া ২০৩৭-সরকারি যানবাহন ব্যবহার খাতে আয় বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০৩১-পরীক্ষার ফি খাতে রাজস্ব প্রাপ্তি কম হলেও ২১০১-ভাড়া অনাবাসিক ২৬৭১-অতিরিক্ত প্রদত্ত অর্থ আদায় খাতে রাজস্ব প্রাপ্তি বৃদ্ধি পেয়েছে। অর্থ বিভাগের প্রতিনিধি কর বহির্ভুত রাজস্ব প্রাপ্তি বৃদ্ধিসহ নতুন খাত সৃষ্টির উপর জোর দেন।

৪.২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সংশোধিত বাজেট আলোচনাকালে সভাকে জানানো হয় যে, প্রয়োজন অনুসারে কিছু কিছু খাতের অর্থ হ্রাস/বৃদ্ধি করা হয়েছে। একজন কর্মকর্তা পিআরএল গমন করায় ৪৫০০-অফিসারদের বেতন খাতে এবং নতুন অগ্রানোগ্রাম অনুসারে ০২ (দুই) টি গাড়ি ৬৮০৭-মোটরযান খাত এবং ৪৮২৯-গবেষণা ও উদ্ভাবনী ব্যয় নতুন কোড সৃষ্টির জন্য অতিরিক্ত ৮৬.৩৯ লক্ষ টাকা বৃদ্ধি করা হয়। বিবিএস এর মাঠ পর্যায়ের দপ্তরসমূহের জন্য উপস্থাপিত বরাদ্দ যথাযথ মর্মে অভিমত প্রকাশ করা হয়।

চলমান পাতা-৩

৪.৩ প্রকল্পের বরাদ্দ আলোচনাকালে কয়েকটি প্রকল্পের বরাদ্দ অতিরিক্ত হ্রাসের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উন্নয়ন বাজেটের ক্ষেত্রে কিছু কিছু প্রকল্পের অর্থ হ্রাস-বৃদ্ধি করা হয়েছে। ১৪,৮৫.০০ লক্ষ টাকা থোক বরাদ্দসহ ১০টি উন্নয়ন প্রকল্পের মোট বরাদ্দ ৩০২,১২.০০ লক্ষ টাকা। সভায় উন্নয়ন বাজেট প্রণয়ণের পূর্বে বিভাগের উন্নয়ন অনুবিভাগ কর্তৃক যাচাই করার বিষয় সভায় গুরুত্বারোপ করা হয়। উন্নয়ন প্রকল্পসমূহের সংশোধিত বাজেট বরাদ্দ নিম্নরূপ:

(অংকসমূহ হাজার টাকায়)

| ক্র. নং | প্রকল্পের নাম | বাজেট ২০১৬-১৭ | সংশোধিত প্রাক্কলন ২০১৬-১৭ | পার্থক্য |
|---|---|---|---|---|
| ০১ | ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্প | ২২৩,২০,০০ | ২২৯,৫২,৩০ | (+) ৬,৩২,৩০ |
| ০২ | স্ট্রেনদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন এন্ড ডেমোগ্রাফি ডাটা কালেকশন ইউজিং জিআইএস প্রকল্প | ২,২০,০০ | ৪,৫১,০০ | (+) ২,৩১,০০ |
| ০৩ | অর্থনৈতিক শুমারি-২০১৩ প্রকল্প | ২২,৩২,০০ | ১৪,৩৪,০০ | (-) ৭,৯৮,০০ |
| ০৪ | মনিটরিং দ্য সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিসটিক্স অব বাংলাদেশ (এমএসভিএসবি) | ১০,৯৮,০০ | ১১,৪৮,০০ | (+) ৫০,০০ |
| ০৫ | অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং প্রকল্প | ৪,৯৯,০০ | ৫,১৪,০০ | (+) ১৫,০০ |
| ০৬ | ইম্প্রুভিং অব লেবার স্ট্যাটিসটিক্স এন্ড লেবার মার্কেট ইনফরমেশন থ্রু প্যানেল সার্ভে | ৩,১৫,০০ | ৪,৪০,০০ | (+) ১,২৫,০০ |
| ০৭ | হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (হেজ) প্রকল্প | ৮,৩১,০০ | ১১,১৩,৬২ | (+) ২,৮২,৬২ |
| ০৮ | বাংলাদেশে অবস্থানরত অনিবন্ধিত মিয়ানমার নাগরিক শুমারি প্রকল্প-২০১৫ | ৪,০০,০০ | ৬,০০,০০ | (+) ২,০০,০০ |
| ০৯ | স্ট্রেনদেনিং এগ্রিকালচার মার্কেট ইনফরমেশন সিস্টেম ইন বাংলাদেশ প্রকল্প | ৩,১২,০০ | ৩,১২,০০ | |
| ১০ | ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশন এন্ড অন লাইন সেকেন্ডারি ডাটা কালেকশন | ৫,০০,০০ | ৩,৭৭,০১ | (-) ১,২২,৯৯ |
| | ৫১৭০-থোক বরাদ্দ (অননুমোদিত উন্নয়ন প্রকল্পের জন্য) | ১৪,৮৫,০০ | ১৪,৮৫,০০ | |
| | উপমোট | ৩০২,১২,০০ | ৩০৮,২৬,৯৩ | (+) ৬,১৪,৯৩ |

(গ) উন্নয়ন কর্মসূচিসমূহের সংশোধিত বরাদ্দ প্রস্তাব নিম্নরূপ:

(অংকসমূহ হাজার টাকায়)

| ক্র. নং | মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/কর্মসূচি | বাজেট ২০১৬-১৭ | সংশোধিত প্রাক্কলন ২০১৬-১৭ |
|---|---|---|---|
| ০১ | জেলা গেজেটিয়ার প্রণয়ন কর্মসূচি | - | ১,৫২,৭৭ |
| | উপমোট | | ১,৫২,৭৭ |

চলমান পাতা-৪

**৫.০ বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

৫.১ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের (কোড নং-১৬) জন্য মোট সংশোধিত চাহিদা ৫২৭,৪৪,৭৪ হাজার (পাঁচশত সাতাশ কোটি চুয়াত্তর লক্ষ চুয়াত্তর হাজার) টকা। তন্মধ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিবালয়) ৫৫,৮১,৫১ হাজার (পঞ্চান্ন কোটি একাশি লক্ষ একান্ন হাজার) টাকা, আন্তর্জাতিক প্রতিষ্ঠানের চাঁদা বাবদ ৩৬,০০ হাজার (ছত্রিশ লক্ষ) টাকা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (সদর দপ্তর) ৬৫,৫০,০০ হাজার (পঁয়ষট্টি কোটি পঞ্চাশ লক্ষ) টাকা, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়সমূহ ২,৬২,৬৩ হাজার (দুই কোটি বাষট্টি লক্ষ তেষট্টি হাজার) টাকা, জেলা কার্যালয়সমূহ ১৭,৯৩,৪০ হাজার (সতেরো কোটি তিরানব্বই লক্ষ চল্লিশ হাজার) টাকা, উপজেলা কার্যালয়সমূহ ৭৫,৪১,৫০ হাজার (পচাত্তর কোটি একচল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, কর্মসূচি ১,৫২,৭৭ হাজার (এক কোটি বায়ান্ন লক্ষ সাতাত্তর হাজার) টাকা এবং ১০টি উন্নয়ন প্রকল্পের জন্য (১৪৮৫০০ হাজার টাকা থোক বরাদ্দসহ) ৩০৮,২৬,৯৩ হাজার (তিনশত আট কোটি ছাব্বিশ লক্ষ তিরানব্বই হাজার) টাকাসহ সর্বমোট ৫২৭,৪৪,৭৪ হাজার (পাঁচশত সাতাশ কোটি চুয়াত্তর লক্ষ চুয়াত্তর হাজার) টাকা ১৬-পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেট প্রস্তাব অনুমোদন করা হয়। অনুমোদিত সংশোধিত বাজেট প্রস্তাব যথাসময়ে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে (বিস্তারিত বরাদ্দ বিভাজন সংযুক্তসহ)।

৫.২ উন্নয়ন প্রকল্পের বাজেট বরাদ্দ হ্রাস-বৃদ্ধির বিস্তারিত ব্যাখ্যা আগামী ০২ (দুই) কার্যদিবসের মধ্যে বিভাগের উন্নয়ন অনুবিভাগে প্রেরণ করতে হবে।

৫.৩ কর বহির্ভূত রাজস্ব প্রাপ্তির জন্য নতুন নতুন খাত সৃষ্টির বিষয় পর্যালোচনা করতে হবে।

৬.০ আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

কে এম মোজাম্মেল হক
সচিব

অদ্য ০১.০১.২০১৭ তারিখ দুপুর ১.০০ঘটিকায় অনুষ্ঠিত বাজেট ম্যানেজমেন্ট কমিটির (BMC) সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষর:

| ক্রঃ নং | নাম ও পদবী | বিভাগ/দপ্তর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | এম, এ, মান্নান ইসলাম<br>অতি: সচিব (উ:) | SID | [signature] |
| ০২ | মো: হাবিবুল আমীন<br>উপমহাপরিচালক | বিবিএস | [signature] ০১/০১/১৭ |
| ০৩ | | | |
| ০৪ | | | |
| ০৫ | মাহমুদা বেগম JS | SID | [signature] ১/১/১৭ |
| ০৬ | মো: মনিরুজ্জামান খাঁন<br>SAS | SID | [signature] ১/১/২০১৭ |
| ০৭ | মো: রফিকুল আলম<br>উপসচিব (প্রশাসন) | SID | [signature] ০১/০১/১৭ |
| ০৮ | মোসা: কামরুন্নাহার<br>SAS | SID | [signature] ০১/০১/১৭ |
| ০৯ | সুমাইয়া আক্তার রুমী<br>পি-এ-স. | SID | [signature] ১/১/১৭ |
| ১০ | মো: মনিরুজ্জামান<br>পরিচালক | বিবিএস | [signature] ১/১/১৭ |
| ১১ | মোল্লা মিজানুর রহমান<br>উপসচিব | SID | [signature] ০১/০১/১৭ |
| ১২ | | | |